ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৩৯৯</u>

আগরতলা, ২৫ অক্টোবর, ২০২৫

**<u>রাজ্যভিত্তিক রেড রান প্রতিযোগিতার উদ্বোধন করে ক্রীড়ামন্ত্রী</u>**

**রাজ্য সরকার এইচআইভি/এইডস রোগ প্রতিরোধে এবং নেশামুক্ত রাজ্য গঠনে নানা পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে**

রাজ্য সরকার এইচআইভি/এইডস রোগ প্রতিরোধে এবং নেশামুক্ত রাজ্য গঠনে নানা পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। তবে এইচআইভি/এইডস রোগ, বাল্যবিবাহ প্রভৃতি সামাজিক ব্যাধি দূরীকরণে জনগণকে আরও সচেতন করে তুলতে হবে। এজন্য আমাদের প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে। যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় আজ উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে রাজ্যভিত্তিক রেড রান প্রতিযোগিতার উদ্বোধন করে একথা বলেন। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় এই রেড রান প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই রেড রান প্রতিযোগিতায় ১০ কিমি বালক বিভাগে এবং ১০ কিমি বালিকা বিভাগে রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, এনএসএস এবং বিভিন্ন এনজিও থেকে প্রায় ১৬০০ জন প্রতিনিধি অংশ নেন। পতাকা নেড়ে এই প্রতিযোগিতার উদ্বোধন করে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় বলেন, আমরা চাই নেশামুক্ত ত্রিপুরা এবং সামাজিক অবক্ষয় মুক্ত ত্রিপুরা। সেই লক্ষ্যে এইচআইভি/এইডস রোগের বিষয়ে আরও সচেতনতা গড়ে তোলার এবং বাল্যবিবাহ রোধ করার উদ্যোগ নেওয়া হয়েছে। তবে এ কাজ শুধু সরকারের পক্ষে একা সম্ভব নয়। সমাজের সকলকেই এগিয়ে আসতে হবে। তিনি বলেন, এই সামাজিক ব্যাধি সম্পর্কে আমাদের সচেতন থাকতে হবে। বিশেষ করে বর্তমান প্রজন্মের যুবক-যুবতীদের এ বিষয়ে সচেতন করে তোলার উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যেই সম্প্রতি বিধানসভায় এইচআইভি/এইডস রোগ প্রতিরোধ বিষয়ক সচেতনতামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়েছিল। রক্তদানের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, শুধু নিজে রক্তদান করলেই হবেনা, অন্যদেরও রক্তদানে উৎসাহিত করতে হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, রাজ্যের ৮টি জেলায় এই রেড রান প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। আজ আগরতলায় রাজ্যভিত্তিক অনুষ্ঠান আয়োজিত হচ্ছে। আগামী ৩০ অক্টোবর ডিমাপুরে ন্যাশনাল এইডস কন্ট্রোল অর্গানাইজেশনের উদ্যোগে জাতীয়স্তরে রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আজ যারা সেরা হবে তারা সেখানে অংশগ্রহণ করবেন। তিনি বলেন, এখন রাজ্যের প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এবং কমিউনিটি হেলথ সেন্টারে এইচআইভি/এইডস-এর স্ক্রিনিং করার উদ্যোগ নেওয়া হয়েছে।

***২য় পাতায়***

অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর (ডা.) তপন মজুমদার, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এল ডার্লং, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার নমিত পাঠক, ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির প্রজেক্ট ডিরেক্টর ডা. বিনিতা চাকমা প্রমুখ উপস্থিত ছিলেন। রাজ্যভিত্তিক এই রেড রান দৌড় প্রতিযোগিতা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়। প্রতিযোগিতায় বালক ও বালিকা উভয় বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থানধিকারীকে যথাক্রমে ২০ হাজার, ১৫ হাজার ও ১০ হাজার টাকা ও ট্রফি দিয়ে পুরস্কৃত করা হয়। এছাড়াও চতুর্থ থেকে দশম পর্যন্ত বিজয়ী ৭ জন বালক ও ৭ জন বালিকাকে ৫ হাজার টাকা করে সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়। অনুষ্ঠানে অতিথিগণ তাদের হাতে পুরস্কারগুলি তুলে দেন।

*******